জীবননগরে ধানের শীষের নির্বাচনী গণমিছিল ও সমাবেশ

জীবননগর পৌরসভার ৪ নং ওয়ার্ডের ধানের শীষের নির্বাচনী গণমিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার বিকেলে পৌরসভার ৪ নাম্বার ওয়ার্ডের ধানের শীষের নির্বাচনী অফিস থেকে এই মিছিল ৪ নং ওয়ার্ডের প্রধান প্রধান সড়ক প্রদর্শন করে । মিছিলে পৌর বিএনপি’র সভাপতি মোঃ শাজাহান কবির, সাবেক পৌর চেয়ারম্যান বিএনপি নেতা আশরাফুল হক, পৌর বিএনপি’র সহ সাংগঠনিক সম্পাদক মোঃ শফিউদ্দিন, ৪ নং ওয়ার্ড বিএনপির সভাপতি পলাশ মিয়া সেক্রেটারি পল্টু মিয়া, বিএনপি নেতা মিজানুর রহমান মিজা, সুমন মিয়া, সুজন মিয়া, সবুজ মিয়া সহ অনেকেই অংশগ্রহণ করেন।

মিছিলটি নির্বাচনী অফিসে এসে শেষ হয় এরপর সংক্ষিপ্ত বক্তব্য রাখেন, পৌর বিএনপি’র সভাপতি শাজাহান কবির, সাবেক পৌর চেয়ারম্যান বিএনপি নেতা আশরাফুল হক প্রমুখ।

দামুড়হুদায় বিএনপির উদ্যোগে ধানের শীষের প্রচারণায় মিছিল

দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপি’র উদ্যোগে ধানের শীষের ভোট প্রার্থনায় প্রচারণা মিছিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেল ৪টার সময় দামুড়হুদা সদর ইউনিয়নের ৩নং ওয়ার্ড বিএনপি’র আয়োজনে স্টার ক্লাব মোড় নামক স্থান থেকে এই মিছিল বের হয়ে ওয়ার্ডের সকল পাড়া মহল্লার অলি গলিতে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র মনোনীত প্রার্থী মাহমুদ হাসান খান বাবুর পক্ষে ধানের শীষ প্রতীকের প্রার্থনা করেন।

দামুড়হুদা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক মো রফিকুল হাসান তনু, ৩নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি আশরাফ আলী, সাধারণ সম্পাদক দলু

দফাদার এর নেতৃত্বে অনুষ্ঠিত মিছিলে অংশগ্রহণ করেন ৩ নম্বর ওয়ার্ডের সহ-সভাপতি মুনতাজ আলী, দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য সচিব মাহাফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ, উপজেলা মৎস্যজীবী দলের আহ্বায়ক আব্দুল কাদের, উপজেলা ছাত্রদলের আহ্বায়ক আফজালুল রহমান সবুজ, উপজেলা মৎস্যজীবী দলের সদস্য সচিব আমিরুল ইসলাম সহ অঙ্গ সংগঠনের শত শত নেতৃবৃন্দ।

মিছিলটির সার্বিক সহযোগিতায় ছিলেন, সাবেক ইউপি সদস্য বিএনপি নেতা একরামুল হক।

দর্শনায় ধানের শীষের অফিসসহ দুইটি দোকান ও দর্শনা সরকারী কলেজে চার দফায় দুঃসাহসিক চুরি

আলোর নীচে অন্ধকার। দর্শনা থানার ১শ থেকে ২শ ফিট এর মধ্যে ৭টি চুরির ঘটনা ঘটেছে। গত রবিবার রাতে দর্শনা চটকাতলায় ইসলাম বাজারের আজগার আলীর ছেলে আজাদ আলীর দোকানের সামনের তালা ভেঙ্গে গভীর রাতে নগদ ১০ হাজার টাকা, মোবাইলের কার্ড, ১০ হাজার সিগারেটসহ প্রায় ৬০ হাজার টাকার মালামাল চুরি হয়ে গেছে।

এছাড়া একই স্থানে গত পরশু রবিবার চটকাতলায় ছোট একটি হোটেলের তালা ভেঙ্গে প্রবেশ করে একটি ব্যাটারী, খুনতা, গামলা, তালা বাসন ও প্রয়োজনীয় প্রায় ৫ হাজার টাকার মালামাল চুরি হয়ে গেছে। ঐ একই রাতে চটকাতলায় ধানের শীষের অফিসে সার্চ লাইট ও ৬০ গজ বৈদ্যুৎতিক তার চুরি হয়েছে। এছাড়া দর্শনা সরকারী কলেজে পরপর ৪ দিন ৪ দফায় চুরির ঘটনা ঘটেছে।

এছাড়া দীর্ঘদিন ধরে দর্শনা কলেজ পাড়ায় একের পর চুরি ঘটে চললেও এর কোনো প্রতিকার পাচ্ছে না বলে জানান, ভুক্তভোগীরা।

এ বিষয়ে দর্শনা থানার ভারপ্রাপ্ত অফিসার্স ইনচার্জ সুলতান মাহমুদের চুরির ঘটনার বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, এরা সব

হিরোখোর, আমরা বাবু ও শাহিনসহ ৩জনকে গ্রেফতার করেছি। আমরা চুরির সাথে জড়িতদের গ্রেফতারের চেষ্টা করছি।

মেহেরপুরে ধানের শীষের নির্বাচনী প্রচারণা ও মিছিল

মেহেরপুর পৌর যু্বদল ও ছাত্রদলের নেতৃত্বে ৫নং ওয়ার্ডে মাসুদ অরুনের পক্ষে ধানের শীষের নির্বাচনী প্রচারণা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল সোমবার বিকেলে পৌরসভার ৫নং ওয়ার্ডে এ নির্বাচনী প্রচারণা, গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি পরিচালিত হয়।

পরে ৫নং ওয়ার্ডের পাথরগেট থেকে মিছিল বের হয়ে ওয়াবদা মোর পর্যন্ত যায়।

কর্মসূচিতে যুবদল ও ছাত্রদলের নেতাকর্মীরা ধানের শীষের পক্ষে স্লোগান দেন, সাধারণ মানুষের মাঝে ধানের শীষ প্রতীকের লিফলেট বিতরণ করেন এবং আসন্ন নির্বাচনে বিএনপি মনোনীত প্রার্থীর পক্ষে সমর্থন কামনা করেন।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর যুবদলের সদস্য সচিব নওশেল আহমেদ রনি, যুগ্ম আহবায়ক শিমুল বিশ্বাস,যুবনেতা নাহিদ মাহাবুব সানী, হিরক ও চঞ্চল, পৌর ছাত্রদলের সদস্য সচিব জারজিস ইউসুফ রমিকসহ বিভিন্ন ওয়ার্ডের যুবদল ও ছাত্রদলের নেতৃবৃন্দ।

মেহেরপুরে ধানের শীষের পক্ষে

ছাত্রদলের নির্বাচনী প্রচারণা

মেহেরপুর পৌরসভার ৯নং ওয়ার্ডে মেহেরপুর-১ আসনের ধানের শীষের প্রার্থী মাসুদ অরুনের দিকনির্দেশনা ও পরামর্শে প্রতিদিনের ধারাবাহিক ওয়ার্ডভিত্তিক কর্মসূচির অংশ হিসেবে ধানের শীষের প্রচারণা কার্যক্রম পরিচালিত হয়েছে।

এ কর্মসূচিতে মেহেরপুর পৌর ছাত্রদলের সভাপতি তৌফিক এলাহির নেতৃত্বে পৌর ছাত্রদলের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

প্রচারণাকালে নেতাকর্মীরা এলাকার মানুষের দোরগোড়ায় পৌঁছে সাধারণ মানুষের খোঁজখবর নেন, কুশল বিনিময় করেন এবং জননেতা মাসুদ অরুনের সালাম ও শুভেচ্ছা সাধারণ মানুষের কাছে পৌঁছে দেন।

এ সময় এলাকাবাসীর মাঝে ব্যাপক সাড়া ও উৎসাহ লক্ষ্য করা যায়। স্থানীয়রা ধানের শীষ প্রতীকের প্রার্থীর প্রতি আগ্রহ প্রকাশ করেন এবং আসন্ন নির্বাচনে সক্রিয় অংশগ্রহণের আশাবাদ ব্যক্ত করেন।

মেহেরপুরে ধানের শীষের প্রচারণার দায়িত্ব পেলেন ছাত্রদল নেতা হিমেল ও মান্না

আগামী জাতীয় সংসদ নির্বাচনে মেহেরপুর-১ আসনে বিএনপি মনোনীত প্রার্থী মাসুদ অরুনের পক্ষে নির্বাচনী প্রচারণা পরিচালনার জন্য বিশেষ সাংগঠনিক দায়িত্ব পেয়েছেন বেসরকারি বিশ্ববিদ্যালয় ছাত্রদলের সহ-সাধারণ সম্পাদক মোঃ হুমায়ন কবির হিমেল ও বেসরকারি বিশ্ববিদ্যালয় এর ছাত্রদল নেতা মো: মোস্তাফিজুর শেখ মান্না। বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদ তাদের এই দায়িত্ব প্রদান করেছে।

রাজপথের পরীক্ষিত যোদ্ধা মোঃ হুমায়ন কবির হিমেল ২০২২ সাল থেকে বেসরকারি বিশ্ববিদ্যালয় ছাত্রদলের রাজনীতির সাথে সক্রিয়ভাবে

যুক্ত। বিগত আন্দোলনগুলোতে তার সাহসী ভূমিকা দলের ভেতর ব্যাপক প্রশংসিত হয়েছে। উল্লেখ্য যে, ২০২৩ সালের ২৮ অক্টোবর নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে পুলিশের গুলিতে তিনি গুরুতর আহত হন। এছাড়া ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানে সামনের সারিতে থেকে নেতৃত্ব দিতে গিয়ে পুলিশের হামলায় তার হাত ও পা ভেঙে যায়।

তৃণমূলকে সুসংগঠিত করার অঙ্গীকার- নতুন দায়িত্ব পাওয়ার পর হিমেল ও মান্না তাদের প্রতিক্রিয়ায় বলেন, “কেন্দ্রীয় সংসদ আমার ওপর যে আস্থা রেখেছে, তার প্রতিদান আমি কাজের মাধ্যমে দিতে চাই। মেহেরপুর জেলা ছাত্রদলের তৃণমূল পর্যায়কে সুসংগঠিত করে আমরা মেহেরপুর-১ আসনে মাসুদ অরুনের ধানের শীষকে জয়যুক্ত করতে সর্বোচ্চ শক্তি দিয়ে মাঠে থাকব।”

নির্বাচনী প্রচারণায় হিমেলের অন্তর্ভুক্তি স্থানীয় ছাত্রদল ও অঙ্গসংগঠনের নেতাকর্মীদের মধ্যে নতুন প্রাণের সঞ্চার করেছে। তারা মনে করছেন, হিমেল ও মান্নার মতো মাঠের লড়াকু সৈনিকের নেতৃত্বে ধানের শীষের বিজয় নিশ্চিত করা সহজ হবে।

মেহেরপুরে ধানের শীষের প্রচারণার দায়িত্বে প্রিন্স আহমেদ ইমরান

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে বিএনপির মনোনীত ধানের শীষ প্রতীকের প্রার্থীর পক্ষে প্রচারণায় অংশ নিতে মেহেরপুর-১ ও মেহেরপুর-২ সংসদীয় আসনে দায়িত্ব পেয়েছেন যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটির সাবেক সহ বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক প্রিন্স আহমেদ ইমরান।

বুধবার (২১ জানুয়ারি) যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটির এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, দলীয় সিদ্ধান্ত অনুযায়ী কেন্দ্রীয় নির্বাহী কমিটির পক্ষ থেকে তাকে এই দায়িত্ব প্রদান করা হয়েছে।

প্রেস বিজ্ঞপ্তিতে আরও উল্লেখ করা হয়, বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতি আবদুল মোনায়েম মুন্না ও সাধারণ সম্পাদক মোহাম্মদ নূরুল ইসলাম নয়ন বিএনপি চেয়ারপারসন তারেক রহমানের নির্দেশনায় ঢাকা-১৭ ও বগুড়া-০৬ নির্বাচনী আসনসহ দেশের ৩০০ সংসদীয় আসনে প্রচারণার সার্বিক কার্যক্রম সমন্বয় করবেন।

দলীয় সূত্র জানায়, আসন্ন নির্বাচনকে সামনে রেখে যুবদল মাঠপর্যায়ে সাংগঠনিক তৎপরতা জোরদার করেছে এবং কেন্দ্র থেকে জেলা-উপজেলা পর্যন্ত নেতাকর্মীদের সমন্বয়ে প্রচারণা কার্যক্রম পরিচালনা করা হবে।

ঝিনাইদহ-৪; ধানের শীষের প্রার্থী রাশেদ খানের আয় সাড়ে ৪ লাখ এবং নিজের নামে রয়েছে ৩০ভরি স্বর্ণ

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঝিনাইদহ-৪ আসনে (কালীগঞ্জ ও সদর উপজেলার একাংশ) মোট ১১ জন প্রার্থী মনোনয়নপত্র সংগ্রহ করলেও শেষ পর্যন্ত ৯ জন মনোনয়নপত্র দাখিল করেছেন।

গণঅধিকার পরিষদের সাধারণ সম্পদকের পদ থেকে পদত্যাগ করে রাশেদ খান বিএনপিতে যোগদান করে ধানের শীষ প্রতীক নিয়ে নির্বাচন করছেন।

তার দাখিলকৃত হলফনামা বিশ্লেষণে আয় ও সম্পদের বিস্তারিত তথ্য উঠে এসেছে।

বিএনপির প্রার্থী রাশেদ খাঁন তার নির্বাচনী হলফনামায় উল্লেখ করেছেন, তার মূল পেশা রাজনীতি ও ব্যবসা। আয়ের প্রধান উৎস ব্যবসা প্রতিষ্ঠান। তার এই ব্যবসা থেকে বাৎসরিক আয় ৪ লাখ ৫০ হাজার টাকা। তার নিজের নামে ৩০ ভরি এবং স্ত্রীর নামে ১০ ভরি স্বর্ণ রয়েছে, যা

দুজনই উপহার হিসেবে পেয়েছেন বলে হলফনামায় উল্লেখ করেন।

রাশেদ খাঁনের নামে নগদ অর্থ রয়েছে ৩৫ লাখ ৪৫ হাজার ৮৭৫ টাকা এবং তার স্ত্রীর নগদ রয়েছে ৩০ হাজার টাকা। বাড়ির আসবাবপত্র ও অন্যান্য সামগ্রীসহ বর্তমানে তার মোট সম্পদের পরিমাণ ৮১ লাখ ৪৮ হাজার ৪১২ টাকা এবং স্ত্রীর সম্পদের পরিমাণ ১৭ লাখ ৭০ হাজার টাকা।

এছাড়া তার নামে মোট ৫টি মামলা রয়েছে, যার মধ্যে ৩টি চলমান এবং ২টি খারিজ হয়েছে বলে হলফনামায় উল্লেখ করা হয়েছে। তবে বিএনপি’র এই প্রার্থীর হলফনামায় কৃষি জমি বা কৃষি আয়ের কোনো তথ্য উল্লেখ করা নেই।

দর্শনা রেলবাজারে ধানের শীষের প্রচারণা অফিস উদ্বোধন ও দোয়া মাহফিল

দর্শনা রেলবাজার যুবদল নেতাকর্মীদের উদ্যোগে বিএনপি মনোনীত প্রার্থী মাহমুদ হাসান খান বাবুর ধানের শীষ প্রতীকের নির্বাচনী প্রচারণা অফিস উদ্বোধন ও দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেলে রেলবাজার এলাকায় এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দর্শনা পৌর বিএনপির সমন্বয় কমিটির সদস্য ও বিএনপির সাবেক সভাপতি হাজী খন্দকার শওকত আলী। উদ্বোধন শেষে দোয়া মাহফিলে অংশ নিয়ে তিনি বলেন, “দেশনেত্রী বেগম খালেদা জিয়া আমাদের দলের অভিভাবক, আমাদের মা। দেশের গণতন্ত্রের জন্য তিনি দীর্ঘদিন নির্যাতন–জুলুম সহ্য করেছেন, তবুও দেশ ছেড়ে যাননি। একাধিকবার জেল খেটেছেন, স্বৈরশাসন তাকে নিশ্চুপ করতে চেয়েছে, এমনকি চিকিৎসা থেকেও বঞ্চিত হয়েছেন। আমরা সবাই তার দ্রুত আরোগ্যের জন্য আন্তরিকভাবে দোয়া করি। আল্লাহ যেন তাকে সুস্থ করে আমাদের মাঝে ফিরিয়ে দেন।”

উদ্বোধন ও দোয়া মাহফিলে উপস্থিত ছিলেন দর্শনা রেলবাজার দোকান মালিক সমিতির নবনির্বাচিত সভাপতি তোফাজ্জল হোসেন, সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন রতন, সাবেক ওলামা দল সভাপতি ওমর আলী, জেলা যুবদলের সহ-সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম মিঠু, পৌর যুবদলের সাবেক সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম চঞ্চল, সেলিম মাহফুজ মিলটন, জিয়াউল হক শাহীন, সেলিম মাহমুদ লিটন, নাসির উদ্দিন, কালু মিয়া, হানিফ, জিনারুল, আরিফ, মাসুদ, পৌর স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মান্নান মাস্টার, যুগ্ম আহ্বায়ক সজীব আহমেদ ও শাকিল খন্দকার, পৌর ছাত্রদল নেতা রানা এবং অঙ্গ সহযোগী সংগঠনের নেতাকর্মীরা।

অনুষ্ঠান শেষে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার সুস্থতা এবং বিএনপি প্রার্থী মাহমুদ হাসান খান বাবুর নির্বাচনী সাফল্য কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের ধানের শীষের পক্ষে শোডাউন ও দোয়া মাহফিল

দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের নবনির্বাচিত কমিটির নেতৃত্বে ধানের শীষের পক্ষে শোডাউন এবং দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকাল ৪টার দিকে দর্শনা রেলইয়ার্ড থেকে শোডাউন বের হয়ে দর্শনা শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে দর্শনা প্রেসক্লাবের সামনে সমাবেশে মিলিত হয়। এসময় স্বাগত বক্তব্য রাখেন যশোর সরকারি কলেজ ছাত্রদলের সাধারণ সম্পাদক পলাশ আহমেদ।

বক্তব্য শেষে দেশনেত্রী বেগম খালেদা জিয়ার রোগমুক্তি কামনায় দোয়া পরিচালনা করেন ওলামা ছাত্রদলের নেতা হাফেজ আসিফ রোমান।

এ সময় উপস্থিত ছিলেন দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের নবনির্বাচিত